সংবাদ

তারিখ: 06 FEB 2016
পৃষ্ঠা: ২ কলাম: ২

### দিনাজপুর শিক্ষা বোর্ড

# ১৯৪ বিদ্যালয়কে ফরম পূরণের অতিরিক্ত ফি ফেরতের নির্দেশ

জেলা বার্তা পরিবেশক, দিনাজপুর

দিনাজপুর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের আওতাভুক্ত ১৯৪টি শিক্ষা প্রতিষ্ঠানকে ২০১৬ সালের এসএসসি পরীক্ষার ফরম পূরণের সময় নেয়া অতিরিক্ত ফি ৭ ফেব্রুয়ারির মধ্যে ফেরত দেয়ার নির্দেশনা দিয়ে বোর্ডের পক্ষ থেকে গত বৃহস্পতিবার জরুরি তাগিদপত্র দেয়া হয়েছে। দিনাজপুর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের পরীক্ষা শাখা সূত্রে জানা গেছে, শিক্ষা মন্ত্রণালয়ের জারীকৃত সার্কুলারের আলোকে বোর্ডের আওতাভুক্ত ১৯৪টি স্কুল ও মাদ্রাসাকে ২০১৬ সালের এসএসসি পরীক্ষার ফরম পূরণের সময় নেয়া অতিরিক্ত ফি আগামী ৭ ফেব্রুয়ারির মধ্যে ফেরত দেয়ার জন্য গত বৃহস্পতিবার জরুরি তাগিদপত্র দেয়া হয়। ১৯৪টি শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে ১৭৯টি স্কুল ও ১৫টি মাদ্রাসা। পত্রে উল্লেখ করা হয়, যে সমস্ত প্রতিষ্ঠান ইতোমধ্যে আদায়কৃত অতিরিক্ত অর্থ ফেরত দিয়েছে তাদের আগামী ৮ ফেব্রুয়ারির মধ্যে প্রমাণপত্র জমা দেয়ার জন্য বলা হয়েছে। যারা এখনো অতিরিক্ত অর্থ ফেরত দেননি তাদের ৭ ফেব্রুয়ারির মধ্যে অতিরিক্ত অর্থ ফেরত দিয়ে ৮ ফেব্রুয়ারি বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক শাখায় প্রমাণপত্রসহ অবগত করার নির্দেশনা দেয়া হয়।

বোর্ড সূত্রে জানা গেছে, দিনাজপুর জেলার ৭১টি শিক্ষা প্রতিষ্ঠানকে আদায়কৃত ফরম ফিলাপের অতিরিক্ত অর্থ ফেরত দিতে লিখিতভাবে নির্দেশ দেয়া হয়েছে। এর মধ্যে ৬২টি স্কুল ও ৯টি মাদ্রাসা রয়েছে। জানা গেছে, লালমনিরহাট জেলার ৪০টি, গাইবান্ধা জেলার ৩৫টি, পঞ্চগড় জেলার ১৮টি, নীলফামারী জেলার ১৭টি এবং রংপুর জেলার ১৩টি শিক্ষা প্রতিষ্ঠানকে অতিরিক্ত অর্থ ফেরতের নির্দেশ দেয়া হয়েছে। শিক্ষা বোর্ডের অধীনে ৮টি জেলার মধ্যে ৬টি জেলায় অতিরিক্ত অর্থ আদায়ের অভিযোগ থাকলেও ২টি জেলা কুড়িগ্রাম ও ঠাকুরগাঁওয়ে কোন অভিযোগ নেই।